গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পেনশন এন্ড ফান্ড ম্যানেজমেন্ট
হিসাব ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং- সিএএফও/পিএফএম/সিজিএ যোগাযোগ-(খন্ড-১)/৪৩/ ৪৬৮ তারিখ: ১৭ /০২/২০২১খ্রি:।

প্রাপকঃ
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)
ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)
উপজেলা হিসাবরক্ষণ অফিসার (সকল)

**বিষয়: পেনশন ইএফটি প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পে-পয়েন্ট ভিত্তিক পেনশনারের সংখ্যা, ইএফটি কভারেজ এর অগ্রগতি এবং যে সমস্ত পেনশনার এখনো পর্যন্ত ইএফটি কভারেজে আসেনি তার একটি প্রতিবেদন iBAS++ সিস্টেমে 'Summary Report on Pension EFT (Current Pay Point Wise)' শিরোনামে সংযোজিত হয়েছে। প্রতিবেদনটি পেনশনার বর্তমানে যে পে-পয়েন্টের আওতাধীন সে বিবেচনায় তৈরী করা হয়েছে। প্রতিবেদনটি Pension Reports (Management) মেন্যুতে সংযোজন করা হয়েছে। প্রতিবেদনটির কলাম নং-৮এ যে সকল পেনশনার এখনো পর্যন্ত ইএফটি কভারেজে আসেননি তাদের সংখ্যা উল্লেখ করা হয়েছে এবং উক্ত কলামে যে সংখ্যা উপস্থাপন করা হয়েছে তার পেনশনার ভিত্তিক তালিকা একই মেন্যুতে 'EFT Coverage Detail Report: Number of Pensioner not yet under EFT Coverage' শিরোনামে সংযোজন করা হয়েছে। সকল পে-পয়েন্ট এই তালিকাটি MS word অথবা MS Excel ফরমেটে ডাউনলোড করে মন্তব্য / Comments শীর্ষক একটি কলাম যোগ করবে এবং EFT কভারেজে যে সকল পেনশনার এখনো আসেননি সে সকল ক্ষেত্রে পেনশনার ভিত্তিক মন্তব্য **সংযোজনী-'ক' তে** লিপিবদ্ধ করে সংরক্ষণ করবে। অত:পর এই নির্দেশনায় বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী পেনশনারদের তথ্যাদি আইবাস++ সিস্টেমে হালনাগাদ করবে (নিম্নে বর্ণিত Multiple PPO/NID Merge এবং Pensioner's Eligibility update মেন্যু অনুযায়ী)। কত সংখ্যক পেনশনারদের EFT করা হয়নি তবে পেনশনারদের ডাটা Save করা আছে তা নির্ধারণের জন্য 'Summary Report on Pension EFT (Current Pay Point Wise)' প্রতিবেদনের ৯নং কলামে 'Number of Pensioner Not in EFT Coverage but data Saved' শিরোনামে অন্তর্ভুক্ত আছে।

এছাড়াও পেনশনারদের ইএফটি কভারেজের Periodic অগ্রগতি জানতে 'Pension Periodic Progress' শিরোনামে Pension Reports (Management) মেন্যুতে একটি প্রতিবেদন সংযোজিত আছে। যে সকল পেনশনার এখনো EFT Coverage এ আসেননি এবং বিভিন্ন কারণে তারা EFT তে আসার জন্য Elegible নন তাদেরকে List of Pensioner not yet under EFT Coverage হতে বাদ দিতে হবে। উদারণস্বরূপ- কোন কোন ক্ষেত্রে BTCL পেনশনারদের তথ্য Entry করা হয়েছে, কোন কোন ক্ষেত্রে একই পেনশনারের দ্বৈত পিপিও তৈরী হয়েছে, কোন কোন ক্ষেত্রে প্রতিরক্ষা বিভাগের পেনশনারদের ডি-হাফ ম্যানুয়ালি প্রতিরক্ষা সার্কেলে প্রেরণ করা হয়েছে। কোন ক্ষেত্রে পেনশনারদের ইতোমধ্যে মারা গিয়েছেন এবং তার আর কোন সংশ্লিষ্ট পারিবারিক পেনশনার নেই। এ সকল ক্ষেত্রে List of Pensioner not yet under EFT Coverage হতে বাদ দিতে হবে। এতদবিষয়ে Master data ⇒Pension Management মেন্যুতে দুইটি সাব মেন্যু, Multiple PPO/NID Merging এবং "Pensioner's eligibility update" শিরোনামে সংযোজন করা হয়েছে।

১. Multiple PPO/NID Merging:

কোন কোন ক্ষেত্রে একজন পেনশনারের ১৩ ডিজিট/১৭ ডিজিট/১০ ডিজিট বিশিষ্ট NID নম্বর আইবাস++ সিস্টেমে অন্তর্ভুক্ত হয়েছে। আবার কোন কোন ক্ষেত্রে একজন 'Self ' পেনশনারের একাধিক পিপিও তৈরি হয়েছে। সঠিক পেনশনারের তথ্যাদী নির্ণয়ের জন্য কোন কোন ক্ষেত্রে একাধিক NID অথবা একাধিক পিপিও Merge করা আবশ্যক। যে সকল ক্ষেত্রে Multiple PPO অথবা Multiple NID এর ক্ষেত্রে যদি ওভার পেমেন্ট না থাকে তবে **সংযোজনী-'খ'** অনুযায়ী, যদি ওভার পেমেন্ট থাকে কিন্তু ট্রেজারী চালানে পেনশনার ইতিমধ্যে টাকা জমা দিয়ে থাকে তবে **সংযোজনী-'গ'** অনযায়ী এবং যদি ওভার পেমেন্ট থাকে, পেনশনার মাসিক পেনশন হতে কর্তন করতে ইচ্ছুক হয় তবে **সংযোজনী-'ঘ'** অনুযায়ী তথ্য জেলা/উপজেলা এর তালিকা সংশ্লিষ্ট ডিসিএ কর্তৃক Consolidated করে সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করবে।

২. "Pensioner's Eligibility Update" মেন্যুর ড্রপ ডাউন মেন্যুতে সংযোজিত বিভিন্ন অপশনসমূহের বিস্তারিত ব্যবহার নির্দেশিকা নিম্নে উপস্থাপন করা হলো:

২.১ Deceased Pensioner in pension Fixation:

যে সকল পেনশনার এখন পর্যন্ত EFT Coverage এ আসেননি কিন্তু ইতিমধ্যে মারা গেছেন মর্মে নিশ্চিত হওয়া গেছে কিন্তু তার আর কোন Family Pension হবে না। সে ক্ষেত্রে iBAS++ সিস্টেমের 'Deceased entry (No further family pension) মেন্যু হতে পেনশনারের মৃত্যুর বিষয়টি Entry করতে হবে।

২.২ BTCL Pensioner:

BTCL এবং Postal এর পেনশনারদের এখনও EFT Coverage এর আওতায় আনার সিদ্ধান্ত গৃহিত হয়নি। যদিও ইতোঃমধ্যে কিছু পেনশনারদের তথ্য iBAS++ সিস্টেমে অন্তর্ভূক্ত হয়েছে। তাদের তথ্য 'Number of pensioner Not yet under EFT Coverage' হতে বাদ দিতে পেনশনারের ধরণ "BTCL" সিলেক্ট করতে এই মেন্যুটি ব্যবহার করতে হবে।

২.৩. Not Eligible For Further Pension:

যে সকল পেনশনার Time Based (মেয়াদী পেনশনার) তাদের ক্ষেত্রে স্থায়ীভাবে পেনশন বন্ধ করার জন্য এই সাব মেন্যুটি ব্যবহার করতে হবে। তাছাড়াও যে সকল ক্ষেত্রে পারিবারিক পেনশনারের পরবর্তী কোন বৈধ উত্তরাধিকার নেই সে সব ক্ষেত্রেও এই সাব মেন্যুটি ব্যবহার করা যাবে।

এছাড়াও যে সকল ক্ষেত্রে Reinstated পেনশনারদের বকেয়া ম্যানুয়ালী প্রদান করা হয়েছে কিন্তু Reinstated Pensioner হিসেবে এখনো EFT এর আওতায় আনা হয়নি সে সকল ক্ষেত্রে Pension Processing মেন্যুর মধ্যে Manually Paid Reinstated Pensioner Entry সাব মেন্যুটি ব্যবহার করা যাবে। এক্ষেত্রে প্রথমে সংশ্লিষ্ট পেনশনারের তথ্য Existing Pensioner মেন্যুতে Pensioner Information Entry (Self Pension) সাব মেন্যুতে Data Entry করতে হবে এবং উক্ত পেনশনারের কোন ধরণের বকেয়া প্রদর্শিত হবে না। ডাটা এন্ট্রি সময়ের পূর্ববর্তী কোন বকেয়া থাকলে তা ম্যানুয়ালী পরিশোধ করতে হবে।

M.A.Bhuiyan 29/02/2021

(মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া)
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
ফোন: ০২-৪১০৩০২৮৯
ই-মেইল: pfmcao@cga.gov.bd

নং- সিএএফও/পিএফএম/সিজিএ যোগাযোগ-(খন্ড-১)/৪৩/ তারিখ: /০২/২০২১খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। হিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। পিইসি, পেনশন এন্ড ফিন্যান্সিয়াল রিপোটিং স্কীম, SPFMS প্রোগ্রাম।
৫। সিনিয়র কনসালটেন্ট (আইটি), SPFMS প্রোগ্রাম, পেনশন এন্ড ফিন্যান্সিয়াল রিপোটিং স্কীম।
৬। কনসালটেন্ট (পেনশন), SPFMS প্রোগ্রাম, পেনশন এন্ড ফিন্যান্সিয়াল রিপোটিং স্কীম।
৭। ডিসিএএফও (সকল), পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
৮। অফিস নথি/মাস্টার ফাইল।

(মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া)
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
ফোন: ০২-৪১০৩০২৮৯
ই-মেইল: pfmcao@cga.gov.bd

সংযোজনী ছক-'ক'

| Sl No | Name | NID | Mobile No | PPO No | Type of Pensioner | Date of Retirement/ Family pension start date | Comments |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| | | | | | | | |

* Comments:

(কয়েকটি নমুনা মন্তব্য)

১। পেনশনারকে ..................... তারিখে ফোন করা হয়েছে। তবে মোবাইল ফোন বন্ধ পাওয়া গেছে।

২। পেনশনারকে ..................... তারিখে ফোন করা হয়েছে। তিনি পরে আসবেন জানিয়েছেন।

৩। পেনশনার ........................ হিসাবরক্ষণ অফিস হতে ইএফটি'র মাধ্যমে পেনশন পাচ্ছেন বলে জানিয়েছেন।

৪। পেনশনারকে রেজিষ্টার্ড ডাকে চিঠি দেয়া হয়েছে।

৫। পেনশনারের ১০/১৩/১৭ডিজিট দিয়ে অন্য একটি NID (নম্বর ............................) তৈরী হয়ে আছে। তার মধ্যে NID ............................ সঠিক। অন্য NID ..............................ভুল। যা বাতিল করা আবশ্যক।

৬। পেনশনারের দুইটি পিপিও তৈরী হয়েছে (পিপিও নম্বর ......... এবং পিপিও নম্বর .........)। তার মধ্যে একটি পিপিও নম্বর ......... সঠিক। অন্য পিপিও নম্বর .........ভুল। যা বাতিল করা আবশ্যক।

সংযোজনী-'খ'

যদি ওভার পেমেন্ট না থাকে তবে নিম্নোক্ত ছকে তথ্য প্রেরণ করতে হবে:

Multiple NID Single PPO এর ক্ষেত্রে:

| NID | | পেনশনারের নাম | পিপিও নম্বর |
|---|---|---|---|
| যে এনআইডি রাখতে হবে | যে এনআইডি মার্জ করতে হবে | | |
| | | | |

Dual Pensioner Multiple NID এর ক্ষেত্রে:

| NID | | পেনশনারের নাম | পিপিও নম্বর | |
|---|---|---|---|---|
| | | | নিজ/পারিবারিক | পারিবারিক |
| যে এনআইডি রাখতে হবে | যে এনআইডি মার্জ করতে হবে | | | |
| | | | | |

Single NID Multiple PPOএরক্ষেত্রে:

| NID | পেনশনারেরনাম | পিপিও নম্বর | |
|---|---|---|---|
| | | যে পিপিও রাখতে হবে | যে পিপিও মার্জ/ডিলিট করতে হবে |
| যে এনআইডি রাখতে হবে | যে এনআইডি মার্জ করতে হবে | | |
| | | | |

**যদি ওভার পেমেন্ট থাকে তবে নিম্নোক্ত ছকে তথ্য প্রেরণ করতে হবে:**

- ➢ *ট্রেজারী চালানে সমন্বয় করে থাকলে:*

Multiple NID Single PPO এর ক্ষেত্রে:

| NID | | পেনশনারের নাম | পিপিও নম্বর | ট্রেজারীচালানএরতথ্য | | |
|---|---|---|---|---|---|---|
| যে এনআইডি রাখতে হবে | যে এনআইডি মার্জ করতে হবে | | | ব্যাংক নাম ও শাখা | চালান নং | তারিখ |
| | | | | | | |

Dual Pensioner Multiple NIDএর ক্ষেত্রে:

| NID | | পেনশনারের নাম | পিপিও নং | | ট্রেজারী চালান এর তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | নিজ/পারিবারিক | পারিবারিক | ব্যাংক নাম ও শাখা | চালাননং | তারিখ |
| যে এনআইডি রাখতে হবে | যে এনআইডি মার্জ করতে হবে | | | | | | |
| | | | | | | | |

<u>Single NID Multiple PPOএর ক্ষেত্রে:</u>

| NID | পেনশনারেরনাম | পিপিওনং | | ট্রেজারী চালান এর তথ্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | যে পিপিও রাখতে হবে | যে পিপিও মার্জ/ডিলিট করতে হবে | ব্যাংক নাম ও শাখা | চালান নং | তারিখ |
| | | | | | | |

সংযোজনী-'ঘ'

***মাসিক পেনশন হতে কর্তন করতে ইচ্ছুক হলে:*** (যদি সমর্পনকারী পেনশনার হন তবে এ অপশন গ্রহণ করা যাবে না। ট্রেজারী চালনে জমা নিতে হবে)

Multiple NID Single PPO এর ক্ষেত্রে:

| NID | | পেনশনারের নাম | পিপিও নং | সমন্বয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|
| যে এনআইডি রাখতে হবে | যে এনআইডি মার্জ করতে হবে | | | ওভার পেমেন্টর পরিমান | সমন্বয়ের কিস্তি সংখ্যা | ওভার পেমেন্টের টোকেন নং ও অর্থ বছর (যদি থাকে) |
| | | | | | | |

Dual Pensioner Multiple NID এর ক্ষেত্রে:

| NID | | পেনশনারের নাম | পিপিওনং | | সমন্বয়সংক্রান্ততথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| যে এনআইডি রাখতে হবে | যে এনআইডি মার্জ করতে হবে | | নিজ/ পারিবারিক | পারিবারিক | ওভার পেমেন্টর পরিমান | সমন্বয়ের কিস্তি সংখ্যা | ওভার পেমেন্টের টোকেন নং ও অর্থ বছর (যদি থাকে) |
| | | | | | | | |
| | | | | | | | |

Single NID Multiple PPO এর ক্ষেত্রে:

| NID | পেনশনারের নাম | পিপিওনং | | সমন্বয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | যে পিপিও রাখতে হবে | যে পিপিও মার্জ/ডিলিট করতে হবে | ওভার পেমেন্টর পরিমান | সমন্বয়ের কিস্তি সংখ্যা | ওভার পেমেন্টের টোকেন নং ও অর্থ বছর (যদি থাকে) |
| | | | | | | |